

অগ্নিজল

হাত বেঁধেছি আগুনজল, হাত বেঁধেছি আলো
হাত বেঁধেছি ঝড়-বৃষ্টি, হাত বাঁধা কি ভালো ?

হাত রেখেছি মেঘের ওপর, মেঘ রেখেছি প্রাণে
প্রাণের ওপর প্রাণ রেখেছি, প্রাণ রেখেছি মনে ॥

সেই মেঘেতে দু-চার ফেঁটা বৃষ্টি টলমল
মেঘেতে হাত দিতেই দেখি বৃষ্টি গলে জন ॥

বাঁধ না মানা প্লাবনধারা, জলোচ্ছ্বাসে ভাসা
আগুনজলে পুড়বে বলেই, তোমার কাছে আসা ॥

অসম্ভব অগ্নিজল । অসাধারণ দামি —
অগ্নিজলে জড়িয়ে গেছি, জড়িয়ে গেছি আমি ॥

সৌরভ মুখোপাধ্যায়

